

প্রকাশ : ২০ জানুয়ারি, ২০১৬ ১২:২৩
আপডেট : ২০ জানুয়ারি, ২০১৬ ১৫:২৫

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

'এপ্রিলের মধ্যেই রাজধানীর সড়কগুলো হকারমুক্ত করা হবে'

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

চলতি বছরের এপ্রিল মাসের মধ্যেই রাজধানীর গুরুত্বপূর্ণ সড়কগুলো হকারমুক্ত করার ঘোষণা দিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক।

বুধবার দুপুরে রাজধানীর মোহাম্মদপুরে বাংলাদেশ ইউনিভার্সিটির আরবান ল্যাব মিলনায়তনে এক গবেষণা ও ফলাফল উপস্থাপন অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন।

আনিসুল হক আরও বলেন, 'রাজধানীতে যানজট কমাতে শহরে সমস্ত বাস ও ট্রাকের জন্য টার্মিনাল করতে জায়গা খোঁজা হচ্ছে। ঢাকাকে শৃঙ্খলার মধ্যে আনার জন্য ৩ হাজার বাস নামানোর পরিকল্পনা রয়েছে। এরমধ্যে এক হাজার এসি বাস থাকবে। বাসগুলো রঙের দিক থেকেও মিল থাকবে এবং রাস্তায় শৃঙ্খলভাবে চলবে।'

জলাবদ্ধতা প্রসঙ্গে মেয়র বলেন, 'খালগুলোর মালিক ডিসি আর খনন করে ওয়াসা। সেক্ষেত্রে আমাদের কিছু করার থাকে না। তাই ঢাকার উন্নয়নের জন্য ওয়াসা আর রাজউকের কিছু কাজ সিটি করপোরেশনের অধীনে আনা উচিত। তাহলে আগামী দুই বছরের মধ্যে অনেক সমস্যার সমাধান করা সম্ভব হবে বলে মনে করি।'

গবেষণা ও ফলাফল প্রকাশ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা-১৩ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক। সভাপতিত্ব করেন বিইউর বোর্ড অব ট্রাস্টি চেয়ারম্যান ও মাইক্রোসফটের সিনিয়র আর্কিটেক্ট কাজী জামিল আজহার।

বিডি-প্রতিদিন/২০ জানুয়ারি, ২০১৬/মাহবুব